যুগান্তর

তারিখ ...
পৃষ্ঠা ৩ কলাম ৪

[illegible] 21 20[illegible]

# ময়মনসিংহে মিন্টু কলেজ রাজনীতিমুক্ত ঘোষণা

ময়মনসিংহ ব্যুরো

'আলমগীর মনসুর (মিন্টু) মেমোরিয়াল কলেজ' ক্যাম্পাসকে 'রাজনীতি ও ধূমপানমুক্ত' ঘোষণা করা হয়েছে। গতকাল মঙ্গলবার কলেজ শিক্ষক মিলনায়তনে সাংবাদিক সম্মেলনের মাধ্যমে অধ্যক্ষ মোঃ আবুল কাশেম আনুষ্ঠানিকভাবে এ ঘোষণা দেন। তিনি বলেন, এই প্রতিষ্ঠানকে আদর্শ কলেজে পরিণত করার লক্ষ্যে কলেজের শিক্ষক-অভিভাবক-ছাত্রদের সম্মতিতে ক্যাম্পাসকে 'রাজনীতি ও ধূমপানমুক্ত' ঘোষণার সিদ্ধান্ত নেয়া হয়। কলেজের শিক্ষক অধ্যাপক একেএম আজহারুল ইসলাম, অধ্যাপক হিরেন্দ্রনাথ রায়, অধ্যাপক মজিবুর রহমান, অধ্যাপক সুরুজ মিয়া, অধ্যাপক আমজাদ হোসেন আকন্দ, অনিল কুমার দেবনাথ, অধ্যাপক মোঃ কামরুল ইসলাম, অধ্যাপিকা বদরুন্নেছা প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।